

## কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৯৩ তম সভার কার্যবিবরণী

সভাপতি: ড: মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড ।

সভার তারিখ ও সময়: ২৮ নভেম্বর, ২০১৮ সকাল ১১.৩০ টা

সভার স্থান: ১নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ঢাকা

সভায় উপস্থিতির তালিকা: “পরিশিষ্ট - ক”

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য বিষয় অনুযায়ী কাজ শুরু করার জন্য জনাব মো: খায়রুল বাসার, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডকে অনুরোধ জানান। অতঃপর জনাব মো: খায়রুল বাসার উপস্থিত সম্মানিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের আহ্বান জানান এবং আলোচ্য বিষয় সভায় উপস্থাপনের জন্য জনাব মো: নাসির উদ্দীন, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ) কে অনুরোধ জানান।

আলোচ্য বিষয় ১ঃ কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৯২তম সভার কার্যবিবরণী অনুমোদন।

কারিগরি কমিটির, জাতীয় বীজ বোর্ডের ৯২ তম সভা ০৬ সেপ্টেম্বর ২০১৮, সকাল ১০.৩০ টায় ড: মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর ২৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ২২৪০(২০) সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যবৃন্দের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি পরিসমর্থনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ৯২ তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হলো।

আলোচ্য বিষয় ২ঃ আউশ/২০১৮-১৯ মৌসুমে হাইব্রিড ধানের মূল্যায়ন ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।

আউশ/২০১৮-১৯ মৌসুমে ৫টি বীজ কোম্পানী/প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য ৭টি হাইব্রিড জাতের বীজ জমা/প্রদান করেছে, যা নিম্ন ছকে প্রদর্শন করা হলো।

১ম বর্ষ ৬টি, ২য় বর্ষ ১টি- মোট ৭ টি।

Sl. No.	Variety Name	Seed Institute/Company	Source Country	Remarks
1	RXEL-27	Mahyco Bangladesh (Pvt) Ltd.	INDIA	1 <sup>st</sup> Year
2	MRP-5732	Mahyco Bangladesh (Pvt) Ltd.	INDIA	1 <sup>st</sup> Year
3	Syngenta S-1203(RH-664+)	Syngenta Bangladesh Ltd.	INDIA	1 <sup>st</sup> Year
4	Winall Hybrid Dhan-7 (Win 806)	Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd.	CHINA	1 <sup>st</sup> Year
5	Winall Hybrid Dhan-8 (Win 868)	Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd.	CHINA	1 <sup>st</sup> Year
6	BRRRI Hybrid Dhan7	Bangladesh Rice Research Institute, Gazipur	BRRRI Gazipur	1 <sup>st</sup> Year

Sl. No.	Variety Name	Seed Institute/Company	Source Country	Remarks
1	সুপ্রীম হাইব্রিড হীরা-২২ (SHD-661)	Supreme Seed Company Ltd.	বাংলাদেশ	2 <sup>nd</sup> Year

উক্ত ০৭টি হাইব্রিড জাতের সাথে ১টি চেকজাতসহ মোট ৮টি জাত ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। কোড নং-H-১২৪৯ থেকে H-১২৫৬=৮টি জাত বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Computerized mean performance এর ভিত্তিতে Compilation পূর্বক সভায় উপস্থাপন এবং গোপনীয় কোড নম্বর উন্মুক্ত করা হয়। বিধান ৪৮ কে চেক জাত হিসেবে তুলনা করে heterosis হার নির্ণয় করা হয়। একটি মাত্র আউশ হাইব্রিড জাত ২য় বর্ষে মূল্যায়ন করা হয়। বর্তমান নীতিমালা অনুযায়ী প্রস্তাবিত জাতটির ফলন ৩ (তিন) বা তার অধিক অঞ্চলে চেক জাত থেকে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর অধিক না হওয়ায় নিবন্ধনের জন্য সুপারিশ করার যোগ্য হয়নি। এ বিষয়ে ড. মো: আনসার আলী, পরিচালক (প্রশাসন), ব্রি বলেন যে, ব্রি ধান ৪৮ এর ফলনের ভিত্তিতে প্রস্তাবিত জাতটি শুধুমাত্র ২টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর বেশী ফলন হয়েছে। ফলে হাইব্রিড নিবন্ধনের পদ্ধতিমতে নিবন্ধনের জন্য সুপারিশ করার সুযোগ নেই। এ প্রসঙ্গে জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী লি: বলেন যে, এখন পর্যন্ত আউশ মৌসুমে কোন হাইব্রিডের জাত নিবন্ধন হয়নি। তাই আউশ মৌসুমের জন্য ২টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর বেশী হলে নিবন্ধনের জন্য সুপারিশ করা যেতে পারে। এ বিষয়ে সভাপতি ড: মো: কবির ইকরামুল হক, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন যে, প্রস্তাবিত জাতটির ফলন ৩ (তিন) বা তার অধিক অঞ্চলে চেক জাত থেকে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর অধিক না হওয়ায় নিবন্ধনের জন্য সুপারিশ করা যায় না। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্ত : প্রস্তাবিত সুপ্রীম হাইব্রিড হীরা-২২ (SHD-661) জাতটির ফলন ৩ (তিন) বা ততোধিক অধিক অঞ্চলে চেক জাত থেকে অনস্টেশন ও অনফার্মে পৃথকভাবে ২০% এর অধিক না হওয়ায় নিবন্ধনের জন্য সুপারিশ করা করা হলো না।

আলোচ্য বিষয় ৩ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত ৩টি লাইন/ জার্মপ্লাজম যথা: (১০.২৪৫), CIP10 এবং CIP102 যথাক্রমে “বারি আলু ৮১”, “বারি আলু ৮২” ও “বারি আলু ৮৩” জাত হিসেবে ছাড়করণ।

প্রস্তাবিত বারি আলু ৮১ (১০.২৪৫): প্রস্তাবিত লাইনটি নিজস্ব উদ্ভাবিত উচ্চফলনশীল ও প্রতিশ্রুতিশীল জাত হিসেবে প্রমাণিত হয়েছে। বিভিন্ন গুণাগুণের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৫ টি কান্ড থাকে। পাতা গাঢ় সবুজ মধ্যশিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুবই বেশি। আলু ডিম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর রং লাল। আলুর শাসের রং ক্রীম। চোখ মাঝারি গভীর। লাইনটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ২৮.৩৯ টন/হে: এবং চেক জাত বারি আলু ২৫ (এসটেরিক্স) ফলন ২৭.১১ টন/হে:। ৬টি স্থানের মধ্যে ৩টি স্থানে জাতটিকে ছাড়করণের পক্ষে মতামত দিয়েছেন এবং ৩টি স্থানে বিপক্ষে মতামত দেয়া হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পরপর দুই বছর ডিইউএস টেস্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত বারি আলু ২৫ (এসটেরিক্স) থেকে ৭টি বৈশিষ্ট্য স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

প্রস্তাবিত বারি আলু ৮২ (CIP10) : প্রস্তাবিত লাইনটি আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনয়নকৃত ক্রোনের মধ্য হতে CIP10 লাইনটি উচ্চফলনশীল, দ্রুতবর্ধনশীল ও ভাইরাস রোগ সহনশীল হিসেবে প্রমাণিত হয়েছে। বিভিন্ন গুণাগুণের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসাবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৬ টি কান্ড থাকে। কান্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি নেই। পাতা কম চেউ খেলানো। ৯০-৯৫ দিনে আলু পরিপক্বতা লাভ করে। আলু খাট ডিম্বাকৃতি। আলুর রং

২



হলুদ, চামড়া মসুন। আলুর শাসের রং হালকা হলুদ। চোখ মধ্যম গভীর। উক্ত জাতটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে প্রস্তাবিত জাতের গড় ফলন ৩৯.৬৬ টন/হে: এবং চেক জাত বারি আলু ৭ (ডায়মন্ট) এর ফলন ২৮.০১ টন/হে:। ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে প্রস্তাবিত লাইনকে ছাড়করণের পক্ষে ও ১টি স্থানে বিপক্ষে মতামত দেয়া হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পরপর দুই বছর ডিইউএস টেস্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি চেক জাত ডায়মন্ট থেকে ৬ টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

Sl. No.	Characteristics	CIP-10 (Proposed variety)		BARI Alu-7 (Diamant) (Check Variety)		Remarks
		Code	State	Code	State	
**2	Light Sprout: shape	2	Ovoid	4	broad cylindrical	Distinct
**5	L S: pubescence of base	7	Strong	1	Very weak	Distinct
*23	Leaf Let: width	3	Narrow	5	Medium	Distinct
*24	Leaf Let: frequency coalescence	3	Low	5	Medium	Distinct
*29	Leaf Let(midrib): frequen- cy of secondary leaflets	5	Medium	3	Low	Distinct
**4	Tuber: shape	2, 1	Short oval to Round	3,4	Oval to long oval	Distinct

প্রস্তাবিত বারি আলু ৮৩ (CIP102): আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র হতে আনায়নকৃত ক্রোণের মধ্য হতে CIP10 লাইনটি উচ্চফলনশীল ও দ্রুতবর্ধনশীল হিসেবে প্রমাণিত হয়েছে। বিভিন্ন গুণাগুণের ভিত্তিতে প্রস্তাবিত জাতটিকে খাবার আলু হিসেবে নির্বাচন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বর্ণনা মোতাবেক প্রস্তাবিত জাতের গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪/৬টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি নেই। পাতা কম ঢেউ খেলানো। ৯০-৯৫ দিনে আলু পরিপক্বতা লাভ করে। আলু খাট ডিম্বাকৃতি। আলুর রং হলুদ, চামড়া মসুন। আলুর শাসের রং হালকা হলুদ। চোখ অগভীর। প্রস্তাবিত জাতটি ২০১৬-১৭ রবি মৌসুমে ঢাকা, খুলনা, রাজশাহী ও রংপুরসহ ৪টি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল করা হয়। ট্রায়ালকৃত ৬টি স্থানে এর গড় ফলন ৪০.৬৫ টন/হে: এবং চেক জাত বারি আলু ৭ (ডায়মন্ট) এর ফলন ৩০.৮৯ টন/হে:। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মতামত দেয়া হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পরপর দুই বছর ডিইউএস টেস্ট করা হয়েছে এবং চেক জাত ডায়মন্ট থেকে ৬টি বৈশিষ্ট্যে প্রস্তাবিত জাতের স্বতন্ত্রতা পাওয়া গিয়াছে।

ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, টিসিআরসি, বারি প্রস্তাবিত আলুর তিনটি লাইনের বিস্তারিত বর্ণনা করেন। তিনি বিশেষভাবে উল্লেখ করেন যে প্রস্তাবিত তিনটি লাইনের মধ্যে আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র হতে সংগৃহীত/আনায়নকৃত ক্রোণের মধ্য হতে CIP10 জাতটি উচ্চফলনশীল, দ্রুতবর্ধনশীল ও ভাইরাস রোগ সহনশীল হিসেবে প্রমাণিত হয়েছে। এ জাতটি ফলনের দিক দিয়ে বাংলাদেশের জনপ্রিয় জাত ডায়মন্ট এর চেয়ে বেশি ফলন দিয়ে থাকে।

এ বিষয়ে জনাব মো: নূরনবী সরদার মহাব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি বলেন যে, প্রস্তাবিত জার্মপ্লাজম (১০.২৪৫)/লাইনটির বিষয়ে মূল্যায়ন দল ৬টি স্থানের মধ্যে ৩টি স্থানে ছাড়করণের পক্ষে এবং ৩টি স্থানে বিপক্ষে মতামত দিয়েছেন। ফলে জাতটি ছাড়করণ করা উচিত হবে না। এছাড়া প্রস্তাবিত বারি আলু ৮২ - CIP10 ও প্রস্তাবিত বারি আলু ৮৩ - CIP102 জাত ২টির ফলন পার্থক্য মাত্র ০.৯৯ টন/হে:। কিন্তু প্রস্তাবিত বারি আলু ৮২ - CIP10 জাতটি ভাইরাস রোগ সহনশীল। তাই ২টি জাতের মধ্যে প্রস্তাবিত CIP10 জাতটি ছাড় করা যেতে পারে। এ বিষয়ে ড. বিমল চন্দ্র কুন্ডু বলেন যে, প্রস্তাবিত আলুর তিনটি লাইনের মধ্যে CIP10 লাইনটি অপেক্ষাকৃত ভাইরাস রোগ সহনশীল ও ফলন ভাল। ড. মো: আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল বলেন যে, বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক ছাড়কৃত আলুর জাতসমূহের মধ্য হতে আধুনিক উচ্চফলনশীল জাত সমূহকে চেক জাত হিসেবে ব্যবহার করা প্রয়োজন। এ বিষয়ে মো: খায়রুল বাসার, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন যে, জাতীয় বীজ বোর্ডের ৯৭তম সভায় মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয় কৃষকের মাঠে ট্রায়াল এর ফলাফল থাকা একান্ত আবশ্যিক বলে মত প্রকাশ করেন। পরবর্তীতে প্রতিটি জাতের ট্রায়াল কৃষকের মাঠে স্থাপনপূর্বক ফলাফল উপস্থাপন করতে হবে বলে সভায় সিদ্ধান্ত

৩

হয়। তিনি আরো উল্লেখ করেন যে, ডায়মন্ট একটি অতি পুরাতন জাত এবং রোগবালাই সংবেদনশীল। বর্তমানে এর চেয়ে অনেক ভাল জাত অবমুক্ত হয়েছে। সে সমস্ত জাত চেক হিসেবে ব্যবহার করা যেতে পারে। এ প্রেক্ষিতে ড. বিমল চন্দ্র কুন্ডু, পিএসও, টিসিআরসি, বারি বলেন যে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অনফার্মের ডাটা রয়েছে। তিনি আরো বলেন যে, চেক জাত হিসেবে প্রচলিত উচ্চফলনশীল জনপ্রিয় জাতকে ব্যবহার করার বিধান রয়েছে। তবে কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ডের মতামতের প্রেক্ষিতে আলুর সাদা চামড়ার লাইন সমূহের সাথে বারি আলু ৩৫ অথবা বারি আলু ৩৭, লাল চামড়ার লাইন সমূহের সাথে বারি আলু ২৫ (এসটেরিক্স) অথবা বারি আলু ৩৬ এবং প্রক্রিয়াজাতকরণ জাতের সাথে বারি আলু ২৮ (লেডিরোসেটা) ব্যবহার করা যেতে পারে। এ প্রেক্ষিতে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন যে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অনফার্মের ডাটা মাঠ মূল্যায়ন দল কর্তৃক মূল্যায়ন করা হয়নি। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ১ : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত আলুর কৌলিক সারি CIP10, বারি আলু ৮১ হিসেবে জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের সুপারিশ করা হলো।

সিদ্ধান্ত ২ : কন্দাল গবেষণা কেন্দ্র, বারি জাতীয় বীজ বোর্ডের ৯৭তম সভার আলোচ্য সূচী ৬ (২) এর সিদ্ধান্ত মোতাবেক কৃষকের মাঠে স্থাপিত ট্রায়ালের মূল্যায়ন ফলাফল মাঠ মূল্যায়ন দলের মতামতসহ জাতীয় বীজ বোর্ডে উপস্থাপন করতে হবে।

সিদ্ধান্ত ৩ : আঞ্চলিক মূল্যায়ন ট্রায়াল করার সময় বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক ছাড়কৃত ৮০টি আলুর জাতসমূহের মধ্য হতে আধুনিক জাত সমূহকে চেক জাত হিসেবে ব্যবহার করতে হবে। আলুর সাদা চামড়ার লাইন সমূহের সাথে বারি আলু ৩৫ অথবা বারি আলু ৩৭; লাল চামড়ার লাইন সমূহের সাথে বারি আলু ২৫ (এসটেরিক্স) অথবা বারি আলু ৩৬ এবং প্রক্রিয়াজাতকরণ লাইন/জাত সমূহের সাথে বারি আলু ২৮ (লেডিরোসেটা) ব্যবহার করতে হবে।

আলোচ্য সূচী ৪ঃ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত পাটের ১টি লাইন রবি-১ বিজেআরআই তোষা পাট-৮ হিসেবে ছাড়করণ।

Sl. No.	Characteristics	Robi-1 (Proposed variety)		BJRI Tossa Pat-5 (Check Variety)		Remarks
		Code	State	Code	State	
7	Leaf texture	S	Smooth & glossy	R	Non glossy	Distinct
9	Pigmentation of flower bud (calyx)	R	Red	G	Green, red colour in sepal ridge	Distinct


প্রস্তাবিত বিজেআরআই তোষা পাট-৮: প্রস্তাবিত বিজেআরআই তোষা পাট-৮ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) কর্তৃক উদ্ভাবিত প্রস্তাবিত জাতটি দ্রুত বর্ধনশীল ও অধিক ফলনশীল। তোষা পাটের জাত ও-৪ কে ব্যবহার করে অধিক ফলন পাওয়ার লক্ষ্যে TILLING (Targeting Induced Local Lesions In Genomes) পদ্ধতির উপর ভিত্তি করে ফলনের সাথে জড়িত জিন সমূহের expression পরিবর্তন করে রবি-১ লাইনটি উদ্ভাবন করা হয়েছে। গাছ লম্বা, গাঢ় মসূন ও দ্রুত বর্ধনশীল। পাটের চেকজাত 0-৯৮৯৭ জাতের চেয়ে দ্রুত বৃদ্ধি পায়। উক্ত জাতটি ২০১৮-১৯ মৌসুমে ঢাকা, খুলনা ও রংপুরসহ ৩টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ট্রায়ালকৃত ১২টি স্থানে প্রস্তাবিত জাতের গড় পপুলেশন ৩.৯ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ৩.১ মিটার, বেসাল ডায়ামিটার ১২.৭৪ মিমি। অপরদিকে চেকজাত 0-৯৮৯৭ এর গড় পপুলেশন ৩.৫৮ লাখ/হেক্টর, গাছের উচ্চতা ২.৭৪ মিটার, বেসাল ডায়ামিটার ১১.১৬ মিমি। ১২টি স্থানের মধ্যে ১২টি স্থানেই জাতটিকে ছাড়করণের পক্ষে মাঠ মূল্যায়ন দল কর্তৃক সুপারিশ করা হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে এবং প্রস্তাবিত জাতটি ডিইউএস টেষ্টে ব্যবহৃত চেক জাত বিজেআরআই তোষা পাট-৫ থেকে ২টি বৈশিষ্ট্য স্বতন্ত্রতা পাওয়া গিয়াছে।

এ বিষয়ে ড. মো: মুজিবুর রহমান, পরিচালক (কৃষি), বিজেআরআই বলেন যে, জেনোম প্রকল্পের প্রথম সাফল্য বর্তমান প্রস্তাবিত বিজেআরআই তোষা পাট ৮। তিনি আরো বলেন যে, জেআরও ৫২৪ জাতটি ১০০ দিনের মধ্যে পরিপক্বতা

আসে কিন্তু আমাদের প্রস্তাবিত জাতটি তার চেয়েও ভাল। ড. মো: শহিদুল ইসলাম, পিএসও, বিজেআরআই পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রস্তাবিত পাটের লাইন রবি-১ এর সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন। তোষাপাটের জাত ৩-৪ কে ব্যবহার করে অধিক ফলন পাওয়ার লক্ষ্যে *TILLING* (Targeting Induced Local Lesions In Genomes) পদ্ধতির উপর ভিত্তি করে ফলনের সাথে জড়িত জিন সমূহের expression পরিবর্তন করে রবি-১ লাইনটি উদ্ভাবনের বিষয়ে বিস্তারিত বর্ণনা করেন। এবিষয়ে ড. মো: আনসার আলী, পরিচালক (প্রশাসন) জানতে চান যে, জিন লেবেলে কোন প্রকার মৌলিক পরিবর্তন করা হয়েছে কিনা। এ প্রসঙ্গে ড. মো: শহিদুল ইসলাম বলেন যে, পাটের ডিএনএ পর্যায়ে পরিবর্তন করা হয়েছে। জনাব মো: খায়রুল বাসার, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী প্রস্তাবিত জাতটি অবমুক্ত হলে বিদেশ থেকে পাট বীজ আমদানী হ্রাস পাবে কিনা জানতে চাইলে ড. মো: মুজিবুর রহমান, পরিচালক (কৃষি), বিজেআরআই বলেন যে, জাতটি অবমুক্ত হলে বীজ উৎপাদনের বিষয়ে একটি কর্মপরিকল্পনা হাতে নেয়া হবে। বিস্তারিত আলোচনা শেষে কমিটির সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত পাটের ১টি লাইন রবি-১, বিজেআরআই তোষা পাট-৮ হিসেবে ছাড়করণে জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড: মো: কবির ইকরামুল হক)  
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি  
ও চেয়ারম্যান, কারিগরি কমিটি,  
জাতীয় বীজ বোর্ড